

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম-১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নং ০৫.৮১.০০০০.০০৭.১৮.০০৩.২২ (অংশ-১) ৪৬৩

তারিখ: ২৯/০৬/২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: **প্রতারক চক্র হতে সতর্কতা অবলম্বন**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড থেকে প্রদেয় সাধারণ চিকিৎসা, জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা, শিক্ষাবৃত্তি, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের অর্থ সেবাগ্রহীতাদের ব্যাংক হিসাবে EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে স্থানান্তর করা হয়। লক্ষ্য করা যাচ্ছে যে, সম্প্রতি প্রতারক চক্র বিভিন্ন মোবাইল ফোন থেকে বোর্ড এর কর্মকর্তা-কর্মচারী পরিচয় দিয়ে সেবা গ্রহীতাদের মিথ্যা প্রলোভন দেখিয়ে অর্থ হাতিয়ে নেয়ার অপপ্রয়াসে লিপ্ত রয়েছে। প্রতারক চক্রের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য আইন প্রয়োগকারী সংস্থাকে যথারীতি অনুরোধ জানানো হয়েছে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক মঞ্জুরিকৃত অর্থ সেবাগ্রহীতাদের ব্যাংক হিসাবে প্রেরণের ক্ষেত্রে তাদের ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, বিকাশ, নগদ, রকেট ইত্যাদির একাউন্ট নম্বর/পিন নম্বর প্রয়োজন পড়ে না। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল-কে সতর্কতা অবলম্বনসহ কোন ব্যক্তি বিশেষকে মোবাইল ফোনে গোপনীয় তথ্য প্রদান না করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে। প্রতারক চক্রের প্রতারণায় ব্যক্তি বিশেষ প্রতারিত/ক্ষতিগ্রস্ত হলে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড দায়ী থাকবে না।



(এ কে এম ফজলুজ্জোহা)

পরিচালক (প্রশাসন)

ফোন: ৮৩৯২১২০

ই-মেইল-directordmin@bkkb.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ০২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/
সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ০৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।